

## মাদ্রাসা ছাত্রদের মধ্যে আমেরিকান দূতাবাস কর্তৃক মাইক্রো-স্কলারশিপ বিতরণ

ঢাকা, ১২ই আগস্ট -- আমেরিকান দূতাবাসের চার্জ দ্য এ্যাফেয়ার্স গীতা পাসি ইংরেজী শিক্ষার জন্য ৬০ জন মাদ্রাসা ছাত্রের মধ্যে সম্প্রতি মাইক্রো-স্কলারশিপ বিতরণ করেছেন। গত ৯ই আগস্ট আমেরিকান দূতাবাসে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে এই স্কলারশিপ বিতরণ করা হয়।

৬টি মাদ্রাসা থেকে প্রতিযোগিতার মাধ্যমে নির্বাচিত এসব ছাত্রছাত্রীদের মধ্যে ইংরেজী শিক্ষার জন্য ‘অ্যাকসেস কর্মসূচীর’ আওতায় এই মাইক্রো-স্কলারশিপ দেওয়া হয়। ২০০৪ সালের শরতে এই স্কলারশিপ কর্মসূচীটি চালু হয় এবং এটি এই কর্মসূচীতে অংশগ্রহণকারী তৃতীয় দল। ১৮ মাসের জন্য ছোট ছোট শ্রেণীতে বিভক্ত হয়ে ছাত্ররা সপ্তাহে তিন বার বনানীর ‘ভাষা দক্ষতা কেন্দ্র (ল্যাঞ্জুয়েজ প্রফিশিয়েন্সি সেন্টার -- এলপিসি)’-তে মিলিত হয়। আর এমন একটি সময়ে এই ক্লাস অনুষ্ঠিত হয় যখন তাদের স্কুলের নিয়মিত ক্লাস থাকে না।

যুক্তরাষ্ট্র দূতাবাসের সৌজন্যে মাদ্রাসার ইংরেজী শিক্ষকদের জন্য ‘এলপিসি’ সম্প্রতি একটি পৃথক কর্মসূচী চালু করেছে। অ্যাকসেস কর্মসূচীর আওতায় শিক্ষকদের জন্য এই কর্মসূচীর একটি ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে যেখানে এসব শিক্ষকরা এই প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ করেছে অথবা করছে।

=====

জিআর/ ২০০৭

**দ্রষ্টব্য:** এই নিবন্ধের ইংরেজি ভাষ্য ‘আমেরিকান সেন্টার’-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে ‘আমেরিকান সেন্টার’-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov) এবং ওয়েবসাইট: [dhaka.usembassy.gov](http://dhaka.usembassy.gov)) যোগাযোগ করুন।